৫২

আজকের কাগজ

তারিখ ১৭ JAN 1995
পৃষ্ঠা ৫ কলাম ২

# প্রস্তাবিত কুষ্টিয়া মেডিকেল ও কৃষি কলেজ ১৪ বছর যাবত লালফিতায় বন্দি

## ❑ কুষ্টিয়া-ঢাকা মহাসড়কের নির্মাণ কাজ ধীর গতিতে চলছে

**শাহ আরিফ নিশির :** কুষ্টিয়া জেলাকে জিয়াউর রহমান নিজের জেলা ঘোষণা করে ১৯৮০ সালের ১০ জুন একটি মেডিকেল কলেজ, একটি কৃষি কলেজ এবং কুষ্টিয়া-ঢাকা মহাসড়ক নির্মাণ করার প্রতিশ্রুতি দিয়েছিলেন। কিন্তু দুর্ভাগ্য কুষ্টিয়াবাসীর। ১৪ বছর অতিবাহিত হওয়ার পর জিয়ার উত্তরসূরি খালেদা জিয়া ক্ষমতায় আসার পরও মেডিকেল কলেজ ভিত্তিপ্রস্তরে সীমাবদ্ধ হয়ে আছে। কৃষি কলেজ প্রতিষ্ঠার কোনো উদ্যোগই গৃহীত হয়নি। আর কুষ্টিয়া-ঢাকা মহাসড়ক এ রিপোর্ট লেখা পর্যন্ত এখনও অসমাপ্তই রয়ে গেছে।

১৯৮০ সালের ১০ জুন কুষ্টিয়া হাউজিং এস্টেট এলাকায় জমি অধিগ্রহণ শেষে মেডিকেল কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন তৎকালীন প্রেসিডেন্ট জিয়াউর রহমান। এছাড়া কৃষি কলেজ আর ঢাকার সঙ্গে সরাসরি যোগাযোগের ব্যবস্থা হিসেবে কুষ্টিয়া-ঢাকা মহাসড়ক নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়। কিন্তু জিয়ার মৃত্যুর পর সাত্তার সরকার, এরশাদ সরকার ও বর্তমান খালেদা জিয়ার সরকারের ১৪ বছরের শাসনামল অতিবাহিত হওয়ার পরও ৩টি প্রকল্পের মধ্যে কেবল কুষ্টিয়া-ঢাকা মহাসড়ক যা বর্তমানে কুষ্টিয়া রাজবাড়ী নামে নির্মাণ কাজ চলছে ঢিমে তালে। বাকি দু'টি একটি কৃষি কলেজ প্রকল্প লাল ফিতার দৌরাত্মের শিকার হয়েছে। আর কুষ্টিয়া মেডিকেল কলেজের অধিগ্রহণকৃত জমি হাউজিং প্রকল্প বিভাগ প্লট বরাদ্দ দিয়ে দিয়েছেন। এ ব্যাপারে এলাকাবাসী প্রতিবাদ করলেও সরকার নিরব ভূমিকায় রয়েছে। ভিত্তিপ্রস্তর স্থাপনের পর থেকে ১৪টি বছর অতিক্রান্ত হবার পর সারা দেশে ৫টি নতুন মেডিকেল কলেজ প্রতিষ্ঠিত হলেও কুষ্টিয়া মেডিকেল কলেজ বাস্তবায়িত হয়নি। অনুন্নত জেলার মধ্যে কুষ্টিয়া অন্যতম হিসেবেই পড়ে রয়েছে। এ জেলার অধিবাসীরা চিকিৎসা ক্ষেত্রে পিছিয়েই থাকছে। উন্নত চিকিৎসা সেবা তো পাচ্ছেই না উপরন্তু চিকিৎসা শাস্ত্রে লেখাপড়া করার সুযোগ থেকেও বঞ্চিত হচ্ছে। বর্তমানে একটি ইসলামী আছে যা জামাত-শিবির চক্রের ষড়যন্ত্রের শিকার হয়ে মাদ্রাসা হবার উপক্রম। জেলার কৃষি উৎপাদন ব্যাপকতা লাভ করায় ৮০'র দশকে এ জেলাকে "প্রেইরী অব বাংলাদেশ" বলে আখ্যায়িত করা হয়েছিলো। সে আলোকে তৎকালীন জিয়া সরকার এ জেলায় কৃষি কলেজ নির্মাণ করার পরিকল্পনা গ্রহণ করেছিলেন। কিন্তু কালের কি নির্মম পরিহাস দীর্ঘ ১৪ বছর অতিবাহিত হওয়ার পরও কোনো সরকারই এ পরিকল্পনার বিষয়টির প্রতি দৃষ্টিপাত করেননি। ১৪ বছরে ৩/৪ বার ক্ষমতা পরিবর্তন হলেও কুষ্টিয়া জেলায় প্রস্তাবিত প্রকল্পগুলো বাস্তবায়নে উদ্যোগ গৃহীত হয়নি। যদিও জিয়ার স্বপ্ন বাস্তবায়ন করার প্রতিশ্রুতি দিয়ে বেগম খালেদা জিয়া ক্ষমতায় অধিষ্ঠিত আছেন। তারপরও কুষ্টিয়া মেডিকেল কলেজ ভিত্তি প্রস্তরে, কৃষি কলেজ শুধু পরিকল্পনার মধ্যে আর কুষ্টিয়া-ঢাকা সড়ক ঢিমে তালে নির্মাণ কাজ চলেছে। কুষ্টিয়াবাসী খালেদা জিয়া কর্তৃক নির্বাচনের পূর্বে দেয়া প্রতিশ্রুতি মোতাবেক কুষ্টিয়া মেডিকেল কলেজ, কুষ্টিয়া কৃষি কলেজ প্রতিষ্ঠা ও কুষ্টিয়া-ঢাকা সড়ক দ্রুত নির্মাণের দাবি জানিয়েছেন।